---

**অ্যাটোসেকেন্ড কী?**

অ্যাটোসেকেন্ড কী?

সময় পরিমাপের একটি একক:- 1 অ্যাটোসেকেন্ড = $10^{-18}$ সেকেন্ড।
অ্যাটোসেকেন্ড হল এমন একটি সময়ের একক, যা আমাদের কল্পনারও বাইরে। এটি এক সেকেন্ডের এক কুইন্টিলিয়ন ভাগের এক ভাগ, অর্থাৎ $10^{-18}$ সেকেন্ড। অন্যভাবে বললে, 1-এর পর 18টি শূন্য বসালে যে সংখ্যাটি (1000000000000000000) হয়, সেই সংখ্যা দিয়ে এক সেকেন্ডকে ভাগ করলে যে সময় পাওয়া যায়, সেটাই অ্যাটোসেকেন্ড। অন্য ভাষায় এটি এক সেকেন্ডের দশ হাজার কোটি কোটি ভাগের এক ভাগ।

এই গবেষণা আমাদের দেখিয়েছে যে, যে ঘটনাগুলিকে আমরা তাৎক্ষণিক মনে করতাম, তাদেরও একটি নির্দিষ্ট সময়সীমা রয়েছে। 232 অ্যাটোসেকেন্ড হল এমন একটি সময়, যা কোয়ান্টাম জগতের নতুন দরজা খুলে দিয়েছে। এই আবিষ্কার শুধু বিজ্ঞানের পাঠ্যবইয়ে নতুন অধ্যায় যোগ করেনি, বরং ভবিষ্যতের প্রযুক্তির জন্য একটি নতুন পথ তৈরি করছে।
অ্যাটোসেকেন্ড পালস ব্যবহার করে বিজ্ঞানীরা ইলেকট্রনের চলাচল, রাসায়নিক বিক্রিয়া এবং অন্যান্য দ্রুত ঘটনাগুলি পর্যবেক্ষণ করতে পারেন।

Published on: Jun, 20 2025 16:34